

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৩৬৮

৩৩/ শাস্তির বিধান (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ২২. পাথর মেরে হত্যা করা সম্পর্কে।

باب فِي الرَّجْم

আরবী

حَدَّثَنَا أَبُو كَامِلٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا خَالِدٌ، _ يَعْنِي الْحَذَّاءَ _ عَنْ عِكْرِمَةَ، عَنِ الْبُنِ عَبَّاسٍ، أَنَّ مَاعِزَ بْنَ مَالِكِ، أَتَى النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ إِنَّهُ زَنَى . فَأَعْرَضَ عَنْهُ فَسَأَلَ قَوْمَهُ " أَمَجْنُونٌ هُوَ " . قَالُوا لَيْسَ بِهِ بَأْسٌ . قَالُ " أَفَعَلْتَ بِهَا " . قَالَ نَعَمْ . فَأَمَرَ بِهِ أَنْ يُرْجَمَ فَانْطُلِقَ بِهِ فَرُجِمَ وَلَمْ يُصِلِّ عَلَيْهِ .

বাংলা

৪৩৬৮. আবৃ কামিল (রহঃ) ইবন আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা মা'ইয ইবন মালিক (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হয়ে বলেঃ সে যিনা করেছে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর মুখ ফিরিয়ে নেন। এ ভাবে মা'ইয (রাঃ) কয়েক বার এরূপ স্বীকারোক্তি করতে থাকলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও তাঁর মুখ ফিরিয়ে নিতে থাকেন। অবশেষে তিনি লোকদের জিজ্ঞাসা করেনঃ লোকটা কি পাগল? তারা বলেনঃ না, এ ধরনের কোন লক্ষণ তার মধ্যে নেই। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মা'ইয (রাঃ)-কে জিজ্ঞাস করেনঃ তুমি কি সে মহিলার সাথে যিনা করেছ? তিনি বলেনঃ হ্যাঁ। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পাথর মেরে তাকে হত্যার নির্দেশ দেন। এরপর লোকেরা তাকে ময়দানে নিয়ে পাথর মেরে হত্যা করে। তাঁর জানাযার সালাত আদায় করা হয়নি।

English

Narrated Abdullah ibn Abbas:

Ma'iz ibn Malik came to the Prophet (ﷺ) and said that he had committed fornication and he (the Prophet) turned away from him. He repeated it many times, but he (the Prophet) turned away from him. He asked his people: Is he mad? They replied: There is no defect in him. He asked: Have you done it with her? He replied: Yes. so he ordered that he should be stoned to death.



He was taken out and stoned to death, and he (the Prophet) did not pray over him.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন